

৫২৬৫ ১৩৭ ৫৭১

**বিশ্ববিদ্যালয় বন্ধ আর  
কতকাল ?**

অপেক্ষার ক্ষণ আরও কত দীর্ঘায়িত হবে? একটি মাসভোকেটে গেল। ঢাকা বিশ্ববিদ্যালয় এখনও পর্যন্ত বন্ধ রয়েছে। খোলা কোন ত্রিগুণ কত পক্ষ অন্তব করেন কিনা জানি না। জানি না যাদের জীবন থেকে মূল্যবান সময়গুলো বিনা নোটিশে বেকসুর পীর পেয়ে যাচ্ছে তাদের মানসিকতার কথা কত পক্ষ ভাবছেন কিনা।

বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া আমাদের কাছে নতুন কোন ঘটনা নয়। প্রতিবারই লক্ষ্য করে দেখা গেছে যে, কখনো ছাত্র সংঘদের জের হিসেবে আবার কখনো রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য সরকারের পরোক্ষ প্রভাবে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়। বিশ্ববিদ্যালয় কত পক্ষের এ অভিজ্ঞতা বহু দিনের লক্ষ্য হলেও আজও পর্যন্ত এ ব্যাপারে তারা কোন সুনির্দিষ্ট পদক্ষেপ নিতে পারেননি। ফলে ভিসিকে করতে হয়েছে পদত্যাগ এবং নতুন ভিসির হয়েছে ক্ষমতা গ্রহণ। এতে করে শুধু ক্ষমতার রদবদলই হয়েছে প্রতিবার, কিন্তু অবস্থার এতটুকু উন্নতি হয়নি। ফলশ্রুতিতে ঘটনা একটা কিছু ঘটলেই তার সমাধানের সুষ্ঠু কোন সুরাহা না করে অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়াটা বলতে গেলে ট্যাডিশন হয়ে দাঁড়িয়েছে।

বিশ্ববিদ্যালয়ে ভতি হয়ে পাস করে বের হতেই ছাত্রদের নাভিশ্বাস। তিন বছরের অনার্স কোর্সে কেটে যাচ্ছে পাঁচ/ছয়টি বছর। ফলে, চাকরির বয়স-সীমা যাচ্ছে কমে, অন্য দিকে চাকরির নেই নিশ্চয়তা। তার পরেও যদি এমনি করে মাসের পর মাস বিশ্ববিদ্যালয় বন্ধ থাকে তাহলে ছাত্রদের ভবিষ্যৎটা কোথায় গিয়ে দাঁড়ায়?

শেখনের এক বছরেরও অধিক সময় পেরিয়ে গেলেও এখনও পর্যন্ত প্রথমবর্ষের ক্লাস শুরু হয়নি। কোন কোন বিভাগে ভতিও শেষ হয়নি। ফলে শেখন জট নিরশনের জন্য আমরা যতই হাঁক ডাক ছাড়ি না কেন ঘটনা যা ঘটায় তাই ঘটছে। তাই অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলার জন্য কত পক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

সমীর কুমার শীল, গ্রাম ও ডাকঘর, ধামুরা উজিরপুর, বরিশাল।

62